

EARLY CHILDHOOD

পরিবর্তন : ইতিবাচকভাবে স্কুল শুরু করার একটি উপায়

পরিবারবর্গের জন্য তথ্যপত্র

আপনি এবং আপনার শিশু যখন এই বছরে প্রবেশ করেন, তখন স্কুলে ভর্তি হওয়া বা স্কুল শুরু করা এখনো দেরি আছে বলে মনে হয়। স্কুল শুরু করা কঠিন ও উত্তেজনাময় উভয়ই হতে পারে এবং কীভাবে আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক কার্যক্রম আপনাকে ও আপনার শিশুকে বছরের অগ্রগতির সঙ্গে সঙ্গে স্কুলে ভর্তি হওয়ার মতো পরিবর্তনে সহায়তা করবে সেবিষয়ে এই তথ্যপত্র আপনাকে কিছু তথ্য দান করবে।

আপনার শিশু এর মধ্যেই জীবনের অনেক ছোট ও বড় পরিবর্তনের অভিজ্ঞতা লাভ করেছে। আপনার শিশু কী ভাবে নৃতন/অল্প পরিচিত পরিবেশে সাড়া দেয় (যেমন, আপনারা যখন অবকাশ যাপনে যান, চাইল্ড কেয়ার বা কিণ্ডারগার্টেন শুরু করে, প্লেডেটে যোগ দেয়, এমনকি পরবর্তী পর্যায়ে কোনো কাজকর্ম বা রুটিনের পরিবর্তন হলে), আপনার শিশু নৃতন পরিস্থিতিতে কীভাবে সাড়া দেয় এবং কীভাবে তাদেরকে সর্বোত্তম সহায়তা দেওয়া যায় তার একটি চিত্র যোগায়।

ইতিবাচকভাবে স্কুল শুরু করা গুরুত্বপূর্ণ কেন?

ইতিবাচকভাবে স্কুল শুরুর ফলস্বরূপ আপনার শিশুর পরিবর্তনের সময়ে এবং তার পরেও আরো ভাল শিক্ষা ও সমৃদ্ধি লাভ হয়। এটা আপনার শিশুর শিক্ষার ও উন্নতির ধারাবাহিকতা বজায় রাখতে সহায়তা করতে ও নিরাপদ, আত্মবিশ্বাসী এবং নূতন লোক ও স্থানের সঙ্গে সহজ বোধ করতে সাহায্য করে।

আপনার শিশকে স্কুলে ভর্তি করা

অধিকাংশ প্রাইমারি স্কুল তাদের ভর্তি প্রক্রিয়া শিশুদের স্কুল শুরু করার আগের বছরে মে মাসে শুরু করে। আপনি আপনার শিশুকে স্কুলে ভর্তি করার পর স্কুলের কার্যক্রম ও ক্রিয়াকর্মমূলক পরিবর্তনের মাধ্যমে স্কুলকে আপনার শিশুর সম্পর্কে জানার জন্য সব ধরনের সুযোগের ব্যবহার সর্বাধিকভাবে কার্যকর করতে পারেন। সর্বাধিক কার্যকর পরিবর্তন শুরু হয় বছর শেষ হওয়ার অনেক আগেই এবং শেষ হয় স্কুলের প্রথম দিনগুলিরও অনেক পরে।

স্কুলের কার্যক্রম ও ক্রিয়াকর্মমূলক পরিবর্তন

স্কুলের কার্যক্রম ও ক্রিয়াকর্মমূলক পরিবর্তনে অংশ গ্রহণ আপনাকে ও আপনার শিশুকে স্কুলটা কেমন হবে তা আরো ভালভাবে বুঝতে এবং অন্যান্য শিশুরা ও পরিবারবর্গ যারা এই স্কুলে আসবে তাদের সঙ্গে বন্ধুত্ব করতে সাহায্য করবে।

<u>পরিবর্তনসং</u>

ক্রান্ত শিক্ষা এবং উন্নয়নের বিবরণ

আপনার শিশুর শৈশবের প্রারম্ভিক শিক্ষক একটি Transition Learning and Development Statement (পরিবর্তনসংক্রান্ত বিবরণ) লিখবেন। এই পরিবর্তনসংক্রান্ত বিবরণটি আপনার শিশুর আগ্রহের বিষয়গুলি, দক্ষতা ও সামর্থ্যের বিবরণ দেবে। এটা শিক্ষা দেওয়ার স্বতন্ত্র পথ ও কৌশলও নির্ধারণ করবে যেন আপনার শিশুর স্কুল ও প্রারম্ভিক শিক্ষক আপনার শিশুকে তাড়াতাড়ি বুঝতে পারেন এবং যথোপযুক্ত শিক্ষা ও শিক্ষাদান কার্যক্রমের পরিকল্পনা করতে পারেন।

আপনি যদি আপনার শিশুকে আউটসাইড স্কুল আগুয়ারস্ কেয়ারে (OSHC) পাঠানোর পরিকল্পনা করেন, তাহলে পরিবর্তনসংক্রান্ত বিবরণটিকে OSHC পরিষেবার সঙ্গেও ভাগ করা হতে পারে। পরিবর্তনসংক্রান্ত বিবরণটিকে OSHC শিক্ষাদাতাদেরকে আপনার শিশুর আগ্রহের বিষয়গুলির জন্য পরিকল্পনা করতে সাহায্য করে এবং প্রারম্ভিক শৈশব, স্কুল ও OSHC -এর মধ্যে ধারাবাহিকতা রক্ষায় সহায়তা করে।

পরিবর্তনসংক্রান্ত বিবরণটি স্কুলে ভর্তি হওয়ার মতো পরিবর্তনের সময়ে আপনার শিশুর শিক্ষা সম্বন্ধে বুঝতে, সমর্থন করতে, সেই বিষয়ে যোগাযোগ রক্ষা করতে এবং পরামর্শ দিতে আপনাকে সাহায্য করতে





EARLY CHILDHOOD

পারে। আপনাকে আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণের একটি সম্পূর্ণ কপি দেওয়া হবে।

আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণে আপনার শিশুর নাম, জন্ম তারিখ ও ফটো সহ আপনার শিশু সম্বন্ধে কিছু ব্যক্তিগত তথ্য থাকে, এবং আপনার নাম ও যোগাযোগের বিস্তারিত বিবরণও থাকে। প্রাসঙ্গিক ক্ষেত্রে, এতে আপনার শিশুকে তার শৈশবকালে সাহায্য করছেন এমন অন্যান্য প্রারম্ভিক পেশাদার ব্যক্তিদের নাম ও যোগাযোগের বিস্তাবিত বিবরণও এতে থাকবে।

পরিবর্তনসংক্রান্ত বিবরণগুলি সাধারণত টার্ম ৪এ লেখা হয়, কিন্তু আপনার শিশুর যদি কোনও বিকলতা বা উন্নয়নমূলক বিলম্ব থাকে, তাহলে আপনার শিশুর প্রারম্ভিক শৈশবের শিক্ষাদাতা আপনার ও আপনার শিশুর নির্বাচিত স্কুলের সঙ্গে প্রয়োজনীয় অন্তর্ভূক্তি সম্বন্ধে সাহায্যের বিষয়ে আলোচনার সূত্রপাত হিসাবে জুন/জুলাইএর কাছাকাছি একটি অগ্রিম পরিবর্তনসংক্রান্ত বিবরণ লিখতে পারেন।

যেহেতু আপনি আপনার শিশু সম্বন্ধে বিশদে জানেন, তাই বিবরণটিতে আপনার অবদান খুবই মূল্যবান। আপনাকে পরিবর্তনসংক্রান্ত বিবরণের একটি অংশ পূরণ করতে বলা হবে। পরিবর্তনসংক্রান্ত বিবরণের এই অংশটি পূরণ করলে তা স্কুলকে আপনাকে ও আপনার শিশুকে কীভাবে সাহায্য করা যেতে পারে তা জানতে সাহায্য করবে যাতে আপনারা উভয়েই চমৎকার ভাবে স্কুল শুরু করতে পারেন।

এতে আপনার শিশুর (কোন বয়স্ক বক্তির সহায়তায়, যিনি আপনিও হতে পারেন বা শৈশবকালীনপ্রারম্ভিক শিক্ষকও হতে পারেন) পূরণ করার জন্যও একটি অংশ আছে। এই অংশে সাধারণত একটি অঙ্কন এবং আপনার শিশুর স্কুল সম্বন্ধে আগ্রহ ও তারা স্কুল শুরু করার বিষয়ে তার কি চিন্তাভাবনা তার বিবরণ থাকে।

আপনার শিশুর স্কুলের সঙ্গে কী ভাবে তথ্য ভাগাভাগি করা হয় ২০১৭ সাল থেকে,, পরিবর্তনসংক্রান্ত বিবরণকে
Insight Assessment Platform (মূল্যায়ন করার
সরঞ্জাম/যন্ত্র সাপেক্ষ একটি অনলাইন প্ল্যাটফর্ম)–এর
মাধ্যমে একটি অনলাইন টুলের সাহায্যে সম্পন্ন
করা,, ভাগ করা এবং সংরক্ষণ করা হবে। Insight
Assessment Platform-এর মাধ্যমে গ্রহণ করা
সমস্ত তথ্য অষ্ট্রেলিয়ায় নিরাপদে সংরক্ষিত হয়।

Insight Assessment Platform টিকে ইতিমধ্যেই সমস্ত ভিক্টোরিয়ান সরকারি স্কুলে ব্যব হার করা হচ্ছেএবং তা স্কুলগুলিকে আপনার শিশুর শিক্ষা ও উন্নতির একটি স্থায়ী দলিল প্রস্তুত করার সুযোগ দেয়। কোনও কোনও ক্যাথলিক ও স্বতন্ত্র স্কুলও Insight Assessment Platform-এর মাধ্যমে আপনার শিশুর পরিবর্তনসংক্রান্ত বিবরণ পেতে পারে অথবা তারা আপনার শিশুর শৈশবকালীন প্রারম্ভিক পরিষেবা থেকে কাগুজে বা ইলেক্ট্রনিক কপি পাবে।

ডিপার্টমেন্ট অব এডুকেশন এ্যাণ্ড ট্রেনিং (দ্য ডিপার্টমেন্ট)এর কোনও কোনও কাজকে বহিরাগত পরিষেবা প্রদানকারীদের ঠিকায় দেওয়া হয়। যখন এমন ঘটে, তখন ঠিকাদান পদ্ধতির অংশ হিসাবে ডিপার্টমেন্টকে ডেটা সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ করতে হয়। ডিপার্টমেন্টের তথ্য, গোপনীয়তা নীতি www.education.vic.gov.au/Pages/privacyp olicy অনুসারে অনুবর্তিতা নিশ্চিত করার জন্য ডিপার্টমেন্ট একটি Insight Assessment Platform-এর গোপনীয়তার প্রভাব মূল্যায়ন পরিচালনা করেছে।

ডিপার্টমেন্ট পরিবর্তনসংক্রান্ত বিবরণ থেকে পাওয়া তথ্য এবং কোনও কোনও স্কুলের ভর্তির ডেটা পর্যবেক্ষণ ও গবেষণার জন্য ব্যবহার করতে পারে। এই তথ্য সংখ্যাতাত্বিক আকারে উপস্থাপিত হবে (যেমন, নম্বর ও নকশা) এবং তা একক কোন শিশুর নামোল্লেখ করবে না।

Insight Assessment Platform সম্বন্ধে আরো তথ্যের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন গ্রাণ্ড ট্রেনিং-এর সঙ্গে <u>psts@edumail.vic.gov.au</u> ঠিকানায় যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য





EARLY CHILDHOOD

অনুগ্রহ করে দেখুন www.education.vic.gov.au/transitiontosch ool

এই দলিলটি বহু ভাষায় অনুবাদ করা হয়েছে যা www.education.vic.gov.au/transitiontosch ool. থেকে পাওয়া যায়।

